দৈনিক সংবাদ

তারিখ ... 16 MAY 1997 ... ...
পৃষ্ঠা ... ১০ কলাম ১ ... ...

# সাইডার: চট্টগ্রামের নতুন স্কুল

জি মোস্তফা

সাইডার ইন্টার-ন্যাশনাল স্কুল। চট্টগ্রামের নবীন একটি শিশু শিক্ষা প্রতিষ্ঠান। সম্পূর্ণ বৈজ্ঞানিক দৃষ্টি-কোণ থেকে গড়া হয়েছে এটি। চট্টগ্রামের নাসিরাবাদে অবস্থান এই প্রতিষ্ঠানের।

সাইডার শব্দের বিশাল রূপ চিটাগাং ইন্সটিটিউট ফর ডেভলপমেন্ট অফ এডুকেশন এন্ড রিসার্চ।

সমাজের ভালো দিক নিয়ে যারা চিন্তা করেন, তারাই গড়েছেন এই শিক্ষা প্রতিষ্ঠানটি। তারাই সিদ্ধান্ত নেন এটিকে এমন এক প্রতিষ্ঠান হিসেবে গড়তে, যেখানে শিক্ষার্থীরা শিশুকাল থেকেই নেবে শিক্ষা। অলাভজনক এ প্রতিষ্ঠানটি চলবে ডনেশন-এর মাধ্যমে। এই ডনেশনের টাকাতেই হবে স্কুলের উন্নতি।

বিশ্বের যে কোন স্থানের তুলনায় আমাদের শিক্ষা ব্যবস্থা রয়েছে অনেক পিছিয়ে। সে পিছিয়ে পড়া অবস্থা আজ পরিবর্তনের সুযোগ এসেছে। সেই সুযোগটি হলো আমাদের মনমানসিকতার পরিবর্তন। আমরা চাই অনেক দূরে যেতে, বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে চলতে—সাইডার ইন্টার-ন্যাশনাল স্কুল, ঠিক সেটিই করছে।

অধ্যাপক ডাক্তার রবিউল হোসাইন সাইডারের করভেনার। তিনি জানালেন, বৃটেনের শিক্ষার মান খুব ভালো। আমরা তাদের কাছ থেকে শিক্ষা নিতে পারি, এ চিন্তা যখন আমার মাথায় এলো, তখন অনেকের সঙ্গে কথা বললাম। তারা সকলে একমতও হলেন। স্কুলটির ইনচার্জে আছেন রোজী ইসলাম। তিনি জানালেন, গত ৫ই জানুয়ারি আনুষ্ঠানিক ক্লাস ওয়ান, টু, থ্রি পর্যন্ত এখানে আপাতত ক্লাস চলছে। প্রতিটি ক্লাসে শিক্ষার্থীর সংখ্যা ২৫ জন। তিনি আরো জানালেন, প্রতি সপ্তাহে যে পরীক্ষা নেয়া হয়, তাতে মেধা যাচাইয়ের সুযোগ ছাড়াও কে কেমনভাবে স্কুলের পড়ালেখা করছে, তা অভিভাবককে জানানোর নিয়ম চালু রয়েছে এ স্থানে।

কথা হলো স্কুলের প্রধান রোজী ইসলামের সঙ্গে। তিনি জানালেন, এখানকার শিক্ষা ব্যবস্থা পুরোপুরি বৃটিশ স্টান্ডার্ড। 'সদা সত্য কথা বলবে' এটাই হলো শিক্ষার মূল নীতি। আমরা তা শেখাচ্ছি। আমরা জানি, সত্যি কথা যে বলতে শিখবে সেই হবে আসল মানুষ। আমরা আসল মানুষ গড়তে চাই। ইংরেজিতে পড়িয়ে অনেকে পন্ডিত তৈরি করতে চান, আমরা তা নই। পড়ালেখা করে সুনাগরিক হিসেবে গড়ে তোলাটাই আমাদের প্রধান কাজ।

স্কুলে চমৎকার সব উপাত্ত সংগ্রহ করা হয়েছে। সবই বৈজ্ঞানিক ভিত্তির উপর প্রতিফলিত সবুজ বোর্ড-এর ক্লাস রুমে। সাধারণত স্কুলগুলোতে কালো বোর্ড থাকে। এখানে তা নয়। সবুজ দেয়ার কারণ, অনেকক্ষণ তাকিয়ে থাকলেও যেন চোখে প্রেসার না পড়ে। আড্ডার মধ্যেও শিক্ষা দেয়া হয় এখানে। তাই আমরা অবশ্যই ভালো কিছু আশা করতে পারি সাইডার ইন্টারন্যাশনাল স্কুল থেকে। ধন্যবাদ সাইডার।